আনন্দময়ীর আগমনে

## শিবদুর্গা বস্ত্রালয়

রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর
উত্তর দরজা

গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে। আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই কার্ত্তিক বুধবার ১৩৬৮ ইংরাজী 1st Nov. 1961 { ২৫শ সংখ্যা



সকল ঘরের তরে…

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seeve

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারকঃ

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPAN. O.P.

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২।২৫ নঃ পঃ। নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৫ই কার্ত্তিক বুধবার সন ১৩৬৮ সাল।

# দেবগণের নিদ্রাভঙ্গ

—•—

শরৎকালে দেবগণ নিদ্রিত থাকেন। তাঁদের নিদ্রা অকালে ভঙ্গ করিয়া শ্রীরামচন্দ্র অকাল বোধন করিয়া দুর্গা পূজা করেন। এই হইতেই প্রথমে মা দুর্গা, তারপর মা লক্ষ্মী, মা কালী, শ্রীকার্ত্তিক এইভাবে দেবদেবীগণের আগমন আরম্ভ হয়। এ বৎসর ভারতের পার্থিব দেবতা অর্থাৎ শাসকগণের নির্ব্বাচন বৎসর। আগামী ১৯৬২ অব্দের ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত নির্ব্বাচন উৎসব (উৎপাত?) চলিবে। পশ্চিম বাংলার পুরুলিয়ায় ২৮শে অক্টোবর সে উৎসবের বোধন (উদ্বোধন) সুরু হইয়াছে আমরা নিম্নে তার কিঞ্চিৎ বিবরণ দিয়া পাঠকগণকে অবগত করাইবার চেষ্টা করিতেছি। গত পাঁচ বৎসরের রাজত্ব ভোগ করার পর কে কে বাহাল থাকিবেন, নির্ব্বাচনের পর বোঝা যাইবে—কোন্ কোন্ দেবতা পাটে বসিবেন, কাঁহার কাঁহার নির্ব্বাসন হইল। আবার পাঁচ বৎসর পর নির্ব্বাপণ প্রাপ্ত আশা আবার জাগিয়া উঠিবে। যতদিন নির্ব্বাচনে কাটিবে, অমানী ভোটাররা মানী পুরুষদের দ্বারা ভোট হওয়া পর্য্যন্ত সমাদৃত হইবেন। দীনের দ্বারে ধনীদের আগমন, মৌখিক আত্মীয়তা প্রদর্শন চলিবে। ভোট গণনার পর তুই-বা কে আর মুই-বা কে, আবার পাঁচ বৎসর যদি বাঁচিস্ দেখা যাবে।

———

১৯৬১—২৮শে অক্টোবরের

## পুরুলিয়া অধিবেশনে নিখিল ভারত কংগ্রেস সভাপতি শ্রীরেড্ডি কর্ত্তৃক কংগ্রেস মন্ত্রীদের মতি যাচাই করা

তাপমান যন্ত্র প্রয়োগ বুঝি বিফলে যায়

বিদেশীর শাসন শৃঙ্খল ছিন্ন করিয়া ভারতীয় কংগ্রেস স্বাধীনতা দখল (?) করিলেন, তার পূর্ব্ব মুহূর্ত্ত পর্য্যন্ত জাতির জনক নামে পরিচিত মোহনদাস করমচাঁদ গান্ধীজি কংগ্রেসের ।• চারি আনা চাঁদা দেওয়া মেম্বরও ছিলেন না।

কংগ্রেস অধিবেশনে তিনি উপস্থিত থাকিতেন। কংগ্রেস সভা সমাপ্ত হবার সময় তিনি "আমাদের ফিলিপ্সের সার্কাস" শেষ হলো ব'লে ব্যঙ্গ করিতেন। তিনি প্রায় বলিতেন "ভারতবর্ষ বিভাগ করার আগে আমার (গান্ধিজীর) দেহ টুকরা টুকরা করিতে হইবে।"

স্বতঃপ্রবৃত্ত হইয়াই হউক, বা ভক্তগণের অভিলষিত গদী দখল ত্বরান্বিত করার জন্যই হউক, ভারত ও পাকিস্তান দুই খণ্ডে ভারত বিভাগ সমর্থন করিয়া ফেলিলেন। ইংরাজ কর্ত্তৃক নির্দ্দিষ্ট ভারতের নিকট পাকিস্তানের ৫৫ কোটি টাকা পাওনা, ভারতের পাকিস্তানের নিকট ৩০০ কোটি টাকা পাওনা সত্ত্বেও সে প্রাপ্যের বিষয় বিবেচনা না করিয়া পাকিস্তানের ৫৫ কোটি টাকা এখনি নগদ মিটাইয়া দিবার এমন আবদার করিলেন যে ভক্তগণ যেন না বলিয়া বা অন্য কোন আপত্তি করিতে না পারে। জাতির জনক পণ করিলেন—এই টাকা নগদ না দিলে তিনি আমরণ অনশন করিবেন। শুধু দেশ বিভাগ নয় তার উপর নিজের বহু টাকা পাওনা সত্ত্বেও অতগুলি টাকা পাকিস্তানকে দিতেই হইবে। এঁকেই তো মহাত্মা বলে।

এর পূর্ব্বে তিনি ভক্ত জনগণের উদ্দেশে আর এক আদেশ প্রচার করিয়াছিলেন। তিনি প্রত্যেক রাজকর্ম্মচারীকে মাসিক ৫০০৲ পাঁচ শত টাকার অধিক বেতন লইতে নিষেধ করিয়াছিলেন। আমরা যতদূর জানি বাংলা প্রদেশের গবর্ণর ৺হরেন্দ্রকুমার মুখোপাধ্যায় ছাড়া জাতির জনকের এই অনুরোধ কেহই রক্ষা করেন নাই। যদি অন্য কোন প্রদেশের গুরুভক্ত সাধু পুরুষও তাঁহার (গান্ধিজীর) অনুরোধ মানিয়া চলিয়াছেন, তেমন কেহ থাকেন তাঁহার চরণে লক্ষ লক্ষ প্রণতি জানাইব।

ভক্তগণের নিকট জাতির জনকের এই অনুরোধ যেভাবে গৃহীত হইয়াছিল ভারতীয় কংগ্রেসের সভাপতি শ্রীরেড্ডির এক অনুরোধ মন্ত্রীগণের নিকট কিভাবে রক্ষিত হয় তাহা সত্বর জানা যাইবে।

'মন্ত্রী' বলিতে প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহরুকেও বুঝায়। তিনি শ্রীরেড্ডির প্রস্তাব কিভাবে গ্রহণ করেন দেখিবার বিষয়।

———

## মুর্শিদাবাদ কেন্দ্রে লোকসভায় প্রার্থী মনোনয়ন

শ্রীরেড্ডীর সহিত প্রতিনিধিদলের আলোচনা

পুরুলিয়া, ২৮শে অক্টোবর—মুর্শিদাবাদ জেলা কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ এখানে কংগ্রেস সভাপতি শ্রীসঞ্জীব রেড্ডীর সহিত সাক্ষাৎ করিয়া মুর্শিদাবাদের পার্লামেণ্টারী আসনে প্রার্থী নির্ব্বাচনের প্রশ্নে তাঁহাদের বক্তব্য পেশ করেন। প্রতিনিধি দল কংগ্রেস সভাপতিকে বলেন যে, আসনে অধ্যাপক হুমায়ুন কবীরকে মনোনয়ন দানের ব্যাপারে অধ্যাপক কবীরের বিরুদ্ধে ব্যক্তিগতভাবে তাঁহাদের কিছু বলিবার নাই। কিন্তু তাঁহারা মুর্শিদাবাদের ৭টি বিধানসভার আসনের কথা চিন্তা করিয়াই ঐ কেন্দ্রে স্থানীয় লোকের মনোনয়ন দানের পক্ষপাতী। এতদ্ব্যতীত শ্রীসাত্তার (এই আসনের জন্য অন্য একজন কংগ্রেস প্রার্থী) স্থানীয় লোক এবং তিনি জনপ্রিয়। তাঁহাকে পার্লামেণ্টের ঐ আসনে মনোনয়ন দিলে স্থানীয় লোকদের মধ্যে যে উৎসাহ সৃষ্টি হইবে, তাহা অধ্যাপক হুমায়ুন কবীরকে মনোনয়ন দিলে হইবে না। মুর্শিদাবাদ জেলা কংগ্রেসের সভাপতি শ্রীঝডুলাল দাস, সাধারণ সম্পাদক শ্রীআনন্দলাল মুখার্জি, শ্রীকাজেম আলী মির্জা, এম-এল-এ, শ্রীদুর্গাপদ সিংহ, এম-এল-এ, শ্রীগোলাম সুলেমান সরকার এম-এল-এ, শ্রীলুৎফল হক এম-এল-এ, শ্রীমুক্তিপদ চ্যাটার্জি (জঙ্গিপুরের কংগ্রেস মনোনীত প্রার্থী) ও শ্রীঅম্বিকাচরণ দাস (তপশিলী আসনের একজন কংগ্রেস প্রার্থী) এই প্রতিনিধি দলে ছিলেন। তাঁহারা মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের উপস্থিতিতে আবার কংগ্রেস সভাপতির নিকট অনুরূপ দাবী পেশ করিবেন। আজ কংগ্রেস সভাপতি তাঁহাদের বলিয়াছেন যে, তিনি এই বক্তব্য প্রধান মন্ত্রীকে জানাইবেন।

———

## পশ্চিমবঙ্গ প্রাদেশিক কংগ্রেস সম্মেলন

পুরুলিয়া, ২৮শে অক্টোবর—আজ এখানে পশ্চিমবঙ্গ প্রাদেশিক কংগ্রেস সম্মেলনের উদ্বোধন প্রসঙ্গে কংগ্রেস সভাপতি শ্রীসঞ্জীব রেড্ডি দশ বৎসর বা তাহার অধিককাল ধরিয়া যাঁহারা কংগ্রেসীমন্ত্রী-রূপে পদ বা ক্ষমতা অধিকার করিয়া রহিয়াছেন, তাঁহাদের স্বেচ্ছায় ক্ষমতার আসন ত্যাগ করিয়া সাধারণ কর্মীদের সহিত একত্রে দেশসেবায় আত্ম-নিয়োগ করিবার প্রসঙ্গ উল্লেখ করেন।

তিনি বলেন যে, ভবনগর কংগ্রেসে এ সম্পর্কে তিনি যে আবেদন করিয়াছিলেন, তাহার পরিণতি দেখিয়া তিনি হতাশ হইয়াছেন। প্রায় কেহই তাঁহার এই আবেদনে সাড়া দেন নাই। কিন্তু প্রশ্ন এই যে, কুড়ি-পঁচিশজন লোক চিরকাল ক্ষমতার আসন দখল করিয়া থাকিবেন, আর কুড়ি-পঁচিশ হাজার কংগ্রেসকর্মী নির্ব্বাচনে তাঁহাদের জন্য ভোট প্রার্থনা করিয়া বেড়াইবেন এমন হওয়া উচিত নয়। শ্রীরেড্ডী পুনরায় উক্ত মন্ত্রীদের ক্ষমতা বা পদ ত্যাগ করিয়া সাধারণ কর্মীদের সঙ্গে একত্রে দেশ গঠনের কাজে আত্মনিয়োগ করিবার জন্য আবেদন জানান। তিনি বলেন যে এরূপ হইলে অপর এক শ্রেণীর কর্মী উহার সুযোগ গ্রহণ করিতে পারিবেন এবং সাধারণ কর্মী মহলে কাজের উৎসাহ উদ্দীপনা বৃদ্ধি পাইবে। এই ব্যাপারে তিনি পালাক্রম পদ্ধতির পক্ষপাতী।

আজ অপরাহ্নে বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্যে তিনদিনব্যাপী প্রদেশ কংগ্রেস সম্মেলনের কাজ শুরু হয়। আগামী সাধারণ নির্ব্বাচনের পরিপ্রেক্ষিতে কংগ্রেস সভাপতির ভাষণ নির্ব্বাচনী রূপ লয়। তিনি বলেন যে, আজ সারা দেশে এমন একটি দলও নাই যাহা কংগ্রেসের পরিবর্তে রাষ্ট্র-শাসনের গুরুদায়িত্ব গ্রহণ করিতে পারে।

---

## রঘুনাথগঞ্জে চাউলের দর

বর্ত্তমানে রঘুনাথগঞ্জ বাজারে নূতন আউস চাউল প্রতিমণ ১৮·৫০ হইতে ১৮·৭৫ টাকা, পুরাতন আছাঁটা ২০৲ হইতে ২০·৫০ টাকা ও ছাঁটা ২১৲ হইতে ২২৲ টাকা দরে বিক্রী হচ্ছে।

---

### জঙ্গিপুর মহকুমায়

## নবরূপায়ন শিক্ষণ কেন্দ্র

গত ৩০শে অক্টোবর জঙ্গিপুর মহকুমার মোরগ্রাম জুনিয়র হাই স্কুলে জেলার কয়েকটি সমাজ উন্নয়ন সংস্থার বেসরকারী সভ্যগণের একটি নবরূপায়ন শিক্ষণ কেন্দ্রের উদ্বোধন অনুষ্ঠান প্রচুর উৎসাহ ও উদ্দীপনার মধ্যে সমাপ্ত হয়। সাতদিন-ব্যাপী এই শিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করেন অনুষ্ঠানের সভাপতি মহকুমা শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয়। প্রধান অতিথির আসন অলংকৃত করেন শ্রীকুবের-চাঁদ হালদার, এম, এল, এ মহাশয়। বর্তমান সমাজ উন্নয়ন কার্য্যসূচীর পরিপ্রেক্ষিতে এইরূপ শিক্ষণ কেন্দ্রের প্রয়োজনীয়তা ও তাৎপর্য্য ব্যাখ্যা করিয়া বক্তৃতা করেন শ্রীচিত্তপ্রিয় মিত্র (বি, ডি, ও), মহকুমা প্রচারাধিকারিক শ্রীগুরুপদ সাউ ও প্রধান অতিথি মহাশয়। বিভিন্ন বিষয়ের আলোচনা ও প্রদর্শনীর (Demonstration) মাধ্যমে শিবির-বাসী সভ্যগণ তাঁহাদের শিক্ষা গ্রহণ করিবেন। শিক্ষাশেষে সভ্যগণ যাহাতে গ্রামে ফিরিয়া নিজ নিজ এলাকার গ্রামবাসীদের মধ্যে উন্নয়নমূলক কার্য্যে উৎসাহ সঞ্চার করিতে পারেন—সে বিষয়ে সভাপতি মহাশয় সকলের নিকট আবেদন জানান।

---

## নম্বরবিহীন রিক্সা

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর মধ্যে অনেকগুলি রিক্সা বিনা নম্বরে চলাচল করিতেছে। ইতিপূর্ব্বে বহুবার আমরা এ সম্বন্ধে "জঙ্গিপুর সংবাদে" অভিযোগ করিয়াছি এবং ভাইস-চেয়ারম্যান বাবুকেও বলিয়াছি কিন্তু দুঃখের বিষয় কোন প্রতিকার হয় নাই।

---

## জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে রিক্সার সংখ্যাল্পতা

কিছুদিন হইতে জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে উপযুক্ত-সংখ্যক রিক্সা না থাকার জন্য যাত্রিগণের খুব অসুবিধা হইতেছে। ইহার প্রতিকারের জন্য স্থানীয় রিক্সা ইউনিয়নের কর্ম্মকর্ত্তাগণের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## জঙ্গিপুর মহকুমা প্রদর্শনী, ১৯৬১

গত ২৭শে অক্টোবর স্থানীয় ম্যাকেঞ্জি হলে এই মহকুমার বহু প্রতিনিধি স্থানীয় ব্যক্তিদের এক সভা হয়। উহাতে সভাপতিত্ব করেন মহকুমা শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয়, সভায় স্থিরীকৃত হয় যে এই বৎসর পঞ্চবার্ষিকী পরিকল্পনা উৎসব উপলক্ষে স্থানীয় ম্যাকেঞ্জি পার্কে "জঙ্গিপুর মহকুমা সর্ব্বার্থসাধক প্রদর্শনী, ১৯৬১" নামে এক বিরাট প্রদর্শনী ও মেলার আয়োজন করা হইবে। বিবিধ বিষয়ের বহু ষ্টলের আয়োজন উহাতে থাকিবে। প্রতিদিন সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন উহাতে থাকিবে। প্রদর্শনীটি সম্ভবতঃ দশদিনব্যাপী চলিবে। উক্ত প্রদর্শনীর জন্য একটি কার্য্যকরী সমিতি গঠিত হয়। উহাতে মহকুমা শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত—সভাপতি নির্ব্বাচিত হন। মহকুমা প্রচারাধিকারিক শ্রীগুরুপদ সাউ ও শ্রীবিশ্বপতি চট্টোপাধ্যায় যুগ্ম সম্পাদকরূপে নির্ব্বাচিত হন। বহুকাল পরে এই মহকুমায় আবার বৃহদাকারের একটি প্রদর্শনীর আয়োজন দেখিয়া সকলেই খুব আশান্বিত। প্রদর্শনীর তারিখ পরে বিজ্ঞাপিত হইবে।

---

## রাস্তার দুরবস্থা

জরুর আথুয়া রাস্তার আথুয়া গ্রামের মধ্যবর্ত্তী রাস্তা এত খারাপ হইয়াছে যে ঐ রাস্তা দিয়া গোগাড়ী যাওয়া কঠিন হইয়াছে। পথিপার্শ্বস্থ বাড়ীগুলির জল নিকাশ এই রাস্তা দিয়া হওয়ার জন্য সব সময়েই রাস্তাটী কর্দ্দমাক্ত থাকে। এই বিষয়ে জেলা বোর্ডের জঙ্গিপুর মহকুমার ওভারসিয়ার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি। তিনি অবিলম্বে এই চালু রাস্তাটীর একটা সুব্যবস্থা করুন।

---

## আবার ট্রেণ দুর্ঘটনা

গত ২৯শে অক্টোবর রবিবার বেলা পৌনে এগারটার সময় উত্তর রেলওয়ের মৈনপুরী ও ভোনগাঁও ষ্টেশনের মধ্যে টুণ্ডলা-ফরক্কাবাদ ডাউন প্যাসেঞ্জার ট্রেণখানির ইঞ্জিন ও সম্মুখের তিনখানি বগি লাইন চ্যুত হওয়ার ফলে ১৯ জন যাত্রী নিহত ও ৬১ জন যাত্রী আহত হইয়াছেন। নিহতগণের মধ্যে ১৫ জন সিংহলের অধিবাসী। তাঁহারা তীর্থ করিবার জন্য ঐ ট্রেণে যাইতেছিলেন।

## বদ্ অভ্যাসের একটি

পেন্সিল চিবানো অভ্যাস যাদের আছে তাদের জন্য—লণ্ডন কাউন্টি কাউন্সিলের বৈজ্ঞানিক উপদেষ্টা ডঃ এস জি বার্জেস তাঁর ১৯৬০ সালের রিপোর্টে বলেছেন, কতকগুলো রঙীন এবং কালো সীসের পেন্সিলের উপরে যে রঙ থাকে, তাতে 'লেড ক্রোমেট' আছে। এটি বিষাক্ত জিনিস। একটি পেন্সিলের উপরে মাখান রঙে ২৫০ মিলিগ্রাম সীসে থাকে। ডঃ বার্জেসের কাজ, লণ্ডনবাসীর পক্ষে অস্বাস্থ্যকর সব কিছুতে নজর রাখা। ৭৩ জনকে নিয়ে গবেষণাগারে কাজ করেন।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৩ই নভেম্বর ১৯৬১

১৯৫৩ সালের ডিক্রীজারী

১৫৭ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং অরবিন্দনাথ রায় দিং দাবি ৬৩৬ টাকা ১৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ৪০ শতকের কাত ৮৶০ আঃ ৫০৲ আদালত মূল্য ১২৫৲ ২নং লাট মৌজাদি ঐ ৩৯ শতকের কাত ১৵৬ আঃ ৫০৲ আদালত মূল্য ১২৫৲ ৩নং লাট থানা ঐ মৌজে নশীপুর ও কুতুবপুর ১৫ শতকের কাত ৷৴৮ আঃ ২৫৲ আদালত মূল্য ৫০৲ ৪নং লাট থানা ঐ মৌজে পিয়ারাপুর ১-৫৭½ শতকের কাত ২৮৬ আঃ ২০০৲ আদালত মূল্য ৪৮০৲

১৯৬১ সালের ডিক্রীজারী

৬ থাং ডিঃ ভবতারিণী দেব্যা দেং পদ্মকামিনী দেবী দাবি ১৮০৯ টাকা ৭২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটিকরী ১-৮২ শতক জমি আঃ ৫০৲ আদালত মূল্য ১৭৫০৲ খং ৬১৯, ৬২০ ৫নং লাট থানা ঐ মৌজে জঙ্গিপুর মধ্যে ২ শতক আঃ ৫০৲ খং ৫৯৫

৭০ থাং ডিঃ বিষ্ণুচরণ সিংহ রায় দেং অবিনাশ-চন্দ্র রায় দাবি ৭০৫ টাকা ৯৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে আঁইটলঘাটা ১-৯৯ শতকের কাত ৮৶৭ আঃ ২৫০৲ আদালত মূল্য ৭০০৲ খং ১১০ ও ২১ রায়তী স্থিতিবান


# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জবাকুসুম তৈলের গুণ অতুলনীয়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ ( লে ) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন ( ২ ) ও ( ৫ ) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ ( লে ) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়

( ১ )

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন,
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন।
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

( ২ )

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ।
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

( ৩ )

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

( ৪ )

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

( ৫ )

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎ পণ্ডিত (দা'ঠাকুর)

## প্রাপ্ত

( মতামতের জন্য সম্পাদক দায়ী নহেন )

### মণিগ্রাম ইউনিয়নের পুরাতন খাতাপত্র নষ্ট করিবার প্রস্তাব

অতীব বিশ্বস্ত সূত্রে জানা গেল সম্প্রতি সাগরদীঘি থানার অধীন মণিগ্রাম ৮নং অঞ্চল পঞ্চায়েৎ এর সভা হইতে রেজলিউসন করা হইয়াছে যে অধুনালুপ্ত ৭নং মণিগ্রাম ইউনিয়নের যাবতীয় রেকর্ড নষ্ট করা হইবে। ইহা খুব দুঃখের কথা, কয়েকজন অঞ্চল সদস্য ইহাতে আপত্তি জানাইয়াছেন। স্থানীয় লোকের সন্দেহ হইতেছে যে মণিগ্রাম ইউনিয়ন বোর্ডের খাতাপত্রে অনেক কিছু গলদ আছে। সেজন্য বে-আইনীভাবে এইরূপ রেজলিউসন করা হইয়াছে। অধুনালুপ্ত ৭নং মণিগ্রাম ইউনিয়নের এবং মণিগ্রাম ইউনিয়ন বোর্ড পরিচালিত মণিগ্রাম দাতব্য চিকিৎসালয়ের পুরাতন কাগজপত্র যাহাতে নষ্ট করা না হয় তজ্জন্য সরকারী কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

স্বাক্ষর শ্রীশম্ভুনাথ ঘোষ

১৫-১০-৬১ মেম্বর ৮নং মণিগ্রাম অঞ্চল পঞ্চায়েৎ।

### কয়লার জন্য নাজেহাল

কয়লার অভাবে প্রত্যেক গৃহস্থই অসুবিধা ভোগ করিতেছেন। কালে কস্মিনে কোন ডিলারের ডিপোতে এক গাড়ী কয়লা আসিলে খরিদ্দার এবং বিক্রেতা উভয়েই নাজেহাল হইতেছেন। 'ধানটেক সোনা আর পালটেক স্যাকড়ার' প্রবাদ বাক্য অক্ষরে অক্ষরে ফলিতেছে। সকাল পৌনে ছয় ঘটিকায় ডিপোতে গেলে শুনিতে পাওয়া যাইতেছে—আর কার্ড লওয়া হবে না। আজকের বরাদ্দ ১৫০ কার্ড পুরণ হইয়া গিয়াছে। অত ভোরে ১৫০ কার্ড পুরণ হওয়ায় অনেকেই তাজ্জব যাইতেছেন। মনে হয় ঐ কার্ড পূর্ব্বদিনেই সংগৃহীত হইয়া থাকে। কেহ যদি পারমিট যোগাড় করিতে সমর্থ হইতেছেন তিনি কিন্তু বেলা ৮ ঘটিকার পূর্ব্বে কয়লা পান না। ডিলার বাবু গম্ভীরনাদে ঘোষণা করেন—'বেলা ৮টার সময় লিষ্ট দেখব যদি নাম থাকে পাবেন।' ইহাতে স্বাধীনতার সুখ অনুভব করিতেছেন নাকি?

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জানানো হইতেছে যে আমি মির্জ্জাপুর ইউনিয়ন কো-অপারেটিভ এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটী লিঃ এর ১।৭।৬০ তাং হইতে ৩০।৬।৬১ তাং পর্য্যন্ত "বার্ষিক হিসাব" পরীক্ষা (Statutory audit) করিতেছি। সকল অংশীদার, পাওনাদার ও দেনদারগণকে অনুরোধ করা হইতেছে, তাঁহারা যেন ৩০।৬।৬১ তারিখ পর্য্যন্ত সমিতির নিকট নিজ নিজ দেনা-পাওনার এবং অংশের হিসাব মিলাইয়া দেখেন এবং কোনরূপ অসঙ্গতি লক্ষ্য করিলে তাঁহারা নিম্নস্বাক্ষরকারীর সহিত ব্যক্তিগত ভাবে আগামী ৪।১১।৬১ তারিখের মধ্যে সমিতির অফিসে উপস্থিত হইয়া ঐরূপ অসঙ্গতির কথা জানাইবেন। অন্যথায় সমিতির প্রদর্শিত হিসাবই নির্ভুল বলিয়া গণ্য হইবে।

পৃথকভাবে হিসাবের নির্ভুলতা নির্দ্ধারক পত্র (Verification slip) দেওয়া হইবে না। ১।১১।৬১

শ্রীরামগতি মুখোপাধ্যায়

অডিটর, কো-অপারেটিভ সোসাইটিজ, জঙ্গিপুর।

### হেমন্তে বর্ষা

গত ১২ই কার্ত্তিক রবিবার সকাল হ'তে আকাশ মেঘাচ্ছন্ন হ'য়ে সন্ধ্যার সময় হ'তে মৃদু বর্ষণ আরম্ভ হয়ে মঙ্গলবার সকাল পর্য্যন্ত সমানভাবে বৃষ্টি হয়েছে। এই বৃষ্টিতে রাঢ় অঞ্চলে ধানের এবং বাগড়ীতে সম্ভবোনা রবিশস্যের বিশেষ ক্ষতি হয়েছে।

### চুরি

গত ১২ই কার্ত্তিক রবিবার রাত্রে রঘুনাথগঞ্জ চাউলপটিতে সদর রাস্তার উপরে শ্রীমতী তিনকড়িবালা সেনের চাউলের আড়ত ঘরের দরজার কড়া ভাঙ্গিয়া চোরে হাতবাক্স হ'তে ৩৲/৩'৫০ টাকার রেজকী লইয়া গিয়াছে বলিয়া প্রকাশ।

গত ১৩ই কার্ত্তিক সোমবার রাত্রে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত নাইত গ্রামের শ্রীমণীন্দ্রনাথ সাহার ঘরে সিঁদ কাটিয়া চোরে পিতল কাঁসার বাসন, ৩৷৹ মণ চাউল, কাপড় ও নগদ ৩৫০৲ টাকা লইয়া গিয়াছে।

### খেয়াঘাট, খুটাগাড়ী ঘাট ও হাট

## নিলামের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানানো যাইতেছে যে আগামী ইংরাজী ৮-১১-৬১ তারিখ বুধবার বেলা ১১-৩০ মিঃ হইতে জঙ্গীপুর মহকুমার অধীন রঘুনাথগঞ্জ থানার ও সাগরদীঘি থানার অন্তর্গত সমস্ত ফেরীঘাট সমূহ, খুটাগাড়ী ঘাট সমূহ ও আগামী ইংরাজী ১১-১১-৬১ তারিখ শনিবার বেলা ১০-৩০ মিঃ হইতে সুতি, সামসেরগঞ্জ এবং ফরক্কা থানার অধীন ফেরীঘাট, খুটাগাড়ী ঘাটসমূহ এবং উক্ত তারিখেই সামসেরগঞ্জ থানার অধীন "প্রতাপগঞ্জ হাট" নিম্নস্বাক্ষরকারীর এজলাসে সন ১৩৬৯ সালের জন্য ৩০শে চৈত্র তক এক বৎসর মেয়াদে প্রকাশ্য নিলামে নির্দ্দিষ্ট সর্ত্তাধীনে বন্দোবস্ত করা হইবে।

নিলামের সর্ত্তাবলী ও অন্যান্য প্রয়োজনীয় সংবাদ নিম্নস্বাক্ষরকারীর অফিসে, ইউনিয়ন বোর্ড অফিস সমূহে, বিভিন্ন থানা অফিসে, ব্লক অফিস সমূহে ও সংশ্লিষ্ট অধস্তন ভূমি সংস্কার অফিসে দেখিতে ও জানিতে পারা যাইবে।

স্বাক্ষর এ, কে, গুপ্ত

মহকুমা শাসক, জঙ্গীপুর।

### দুর্গা পূজায় নাট্যানুষ্ঠান

অন্যান্য বৎসরের ন্যায় এবারও রঘুনাথগঞ্জ সার্ব্বজনীন দুর্গোৎসব বেশ জাঁকজমকের সঙ্গে উদ্‌যাপিত হইয়াছে। এই উপলক্ষে উৎসব কমিটি তিনদিন ব্যাপী নাট্যানুষ্ঠানের আয়োজন করেছিলেন। "কেরাণীর জীবন", "সরাইখানায় এক রাত্রি" ও জ্যান্ত ভগবান" নাটক তিনখানির মধ্যে "সরাইখানার এক রাত্রি" একাঙ্ক নাটিকাটীর শিল্পীরা উল্লেখযোগ্য অভিনয় করেছেন। ইহার নাট্যরূপ দেন অধ্যাপক শ্রীমোহিতকুমার চট্টোপাধ্যায় ও পরিচালনা করেন শ্রীমান্ বিশ্বপতি চট্টোপাধ্যায়।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই যাঁরা আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

সাধনা ঔষধালয়ের প্রস্তুত আদর্শ দাঁতের মাজন সাধনা দশন এবং অন্যান্য ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী।
রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬
টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দপ্তর, চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]
সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible]



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা। ও মাশুলাদি ১.১৯ এক টাকা। উনিশ নয়া পয়সা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান
হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয়
আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।
হোমিও পেটেণ্ট "আইওলিন" চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

হ্যানিম্যান হল, খাগড়া, মুর্শিদাবাদ